



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
**Bangladesh Power Development Board**

অফিসঃ  
কেন্দ্রীয় সচিবালয়,  
বিউবো, ঢাকা।

স্মারক নং-৫৮৪- বিউবো(সচি)/বোর্ড/২০১৭

তারিখঃ ০৮/১০/২০১৭ ইং।

**“সার্কুলার”**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বোর্ডসভাকেন্দ্রিক সকল কার্যক্রম অনলাইনভিত্তিক করিবার অভিপ্রায়ে বিউবোর কেন্দ্রীয় সচিবালয়ের বোর্ডশাখা হইতে উদ্যোগ গ্রহণ করা হইয়াছে। মূলত বোর্ডসভার আলোচনাপত্র সহজে প্রেরণ, নোটিশে বিষয় আলোচ্য সূচীভুক্তকরণ, নোটিশ প্রাপ্তি, সংশ্লিষ্ট বিষয়ের কার্যবিবরণী প্রেরণ এবং পঠিত ও নিশ্চিতের পর অনুমোদিত কপি প্রাপ্তি প্রভৃতি বিষয়ে যাবতীয় কার্যক্রম সহজীকরণ ও ত্বরান্বিতকরণ সর্বোপরি প্রযুক্তিগতভাবে আধুনিকায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এমতাবস্থায় উক্ত উদ্যোগকে সফল করিবার জন্য প্রাথমিক পদক্ষেপ হিসাবে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি গুরুত্বারোপ করা যাইতেছেঃ

- (১) বোর্ডসভায় উত্থাপনের নিমিত্ত প্রেরিত আলোচনাপত্রসহ যাবতীয় কাগজপত্র Unicode -এ Nikosh ফন্টে লিখিতে হইবে। অত্র বা বিজয় বা অন্যকোন পদ্ধতিতে লিখিলে তাহা Unicode -এ রূপান্তরিত করিয়া প্রেরণ করিতে হইবে (বাংলা লিখিবার ক্ষেত্রে সাধারণত Word Page-এ প্রয়োজ্য ক্ষেত্রে Nikosh ফন্ট সিলেক্ট করিয়া কী-বোর্ডে Ctrl + Alt + V চাপিয়া Unicode -এ লিখা যাইবে)।
- (২) লিখিত আলোচনাপত্রের Soft কপি ds.board@bpdb.gov.bd ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করিতে হইবে।
- (৩) আলোচনাপত্রের সহিত সকল সংযুক্তি PDF ফরমেটে (পৃথক পৃথক সংযুক্তি পৃথক পৃথকভাবে) পাঠাইতে হইবে অন্য কোনো ফরমেটে পাঠাইলে গ্রহণযোগ্য হইবে না।
- (৪) স্পষ্টভাবে আলোচ্য বিষয়ের শিরোনামসহ আলোচনাপত্রের ১-৮ ক্রমিক নং প্রয়োজ্য ক্ষেত্রে যথাযথভাবে লিখিতে হইবে।
- (৫) বিষয় উপস্থাপনকারীর পূর্ণনাম, পরিচিতি নম্বর, ই-মেইল ঠিকানা, মোবাইল নম্বর, দপ্তরের পূর্ণ ঠিকানা লিখিতে হইবে।

এতদুদ্দেশ্যে ছাড়াও দপ্তরের যাবতীয় বিষয়ে বিশেষত বাংলা লিখিবার ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী Unicode-এ লিখিবার নির্দেশনা রহিয়াছে। উল্লেখ্য যে, বর্ণিত উদ্যোগের অংশ হিসাবে পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে Log-in-ID প্রদান করা হইবে, যাহাতে তাঁহারা নিজেমাই আলোচনাপত্র Upload করাসহ Upload কৃত বিষয়ের নোটিশ ই-মেইলে পাইতে পারেন।

বিষয়টি অতীব জরুরী।

নির্দেশক্রমে

(মিনা মাসুদ উজ্জামান)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

তারিখঃ ০৮/১০/২০১৭ ইং।

স্মারক নং-৫৮৪- বিউবো(সচি)/বোর্ড/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- (১) সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- (২) সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/পিএন্ডডি/কোম্পানী এ্যাফেয়ার্স/বিতরণ, বিউবো, ঢাকা।
- (৩) প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক (বাণিজ্যিক পরিচালন/ প্রশিক্ষণ)/ প্রকল্প পরিচালক (প্রঃ প্রঃ)/ নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ/প্রধান চিকিৎসা কর্মকর্তা .....
- (৪) অতিঃ প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক.....
- (৫) সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- (৬) পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সিনিয়র সিস্টেম এনালিস্ট.....
- (৭) নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক .....
- (৮) দপ্তর কপি।

(মোঃ আল হেলাল রক্ষানী)

পরিচিতি নম্বর -০২-০২০২

উপ-সচিব (বোর্ড)

কেন্দ্রীয় সচিবালয়, বিউবো, ঢাকা।

ই-মেইল : ds.board@bpdb.gov.bd

মোবাইলঃ ০১৮১৯২৬৯০৭৩